

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮২০

আগরতলা, ২২ জুন, ২০২২

নাইসিং পাড়ায় গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস

উত্তর জেলার আওতাধীন গছিরাম পাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন নাইসিং পাড়া এলাকায় গত ১৬ জুন গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস এবং শিশুদের টিকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে এদিন ১২ জন শিশুকে টিকাকরণ করা হয়। এই অনুষ্ঠানে এমপিডব্লিও গোবিন্দ কুমার দেব অসংক্রামক রোগ প্রতিরোধের উপায়, শিশুদের নিয়মিত টিকাকরণের উপকারিতা, মাতৃদুগ্ধ পানের উপকারিতা ও প্রয়োজনীয়তা, গর্ভবতী মায়েদের যত্ন নেওয়া এবং মানুষের সুস্থ দেহ ও মনের বিকাশে যোগার গুরুত্ব নিয়ে সচেতনতামূলক আলোচনা করেন। অনুষ্ঠান শেষে উপস্থিত সবাইকে পুষ্টিকর খাদ্য প্রদান করা হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
